

বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার ২০০ শিক্ষা প্রতিষ্ঠানে

টঙ্গাইল প্রতিনিধি

১ আগস্ট ২০১৯ ০০:০০ | আপডেট: ১ আগস্ট ২০১৯ ০০:১৪



বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার
আমাদের সময়

কালিহাতীর ১৭০টি সরকারি ও ২টি নিবন্ধিত প্রাথমিক বিদ্যালয়সহ ২০০ শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার দিয়েছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অমিত দেবনাথ। এ ব্যতিক্রমী উদ্যোগের প্রশংসা করেছেন শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তাবৃন্দ। সারাদেশের কোথাও একযোগে এভাবে শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার স্থাপিত হয়নি।

জানা যায়, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বাঙালির স্বাধীনতা সংগ্রামের ইতিহাস ও তথ্য জানার জন্য কালিহাতীর ইউএনও শিক্ষা প্রতিষ্ঠানে ভিন্নধর্মী এ উদ্যোগ গ্রহণ করেছেন; যা বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীদের মনে ইতিবাচক দাগ কেটেছে। কালিহাতী উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা মাহবুব রহমান বলেন, এ উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয় এবং অনুপ্রেরণার।

ইছাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গভর্নিং বডির সভাপতি ও দেশের শ্রেষ্ঠ সভাপতির পুরস্কার পাওয়া এমএ রাজ্জাক বলেন, বাচ্চাদের নৈতিকতা শিক্ষার জন্য বিদ্যালয়গুলোতে বঙ্গবন্ধুসহ বিভিন্ন মনীষীর কর্নার থাকা প্রয়োজন।

টঙ্গাইলের জেলা প্রশাসক শহীদুল ইসলাম বলেন, নতুন প্রজন্মকে সত্য ইতিহাস জানার জন্য বিদ্যালয়গুলোতে ইউএনওর বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার স্থাপন অত্যন্ত ভালো উদ্যোগ। অফিস আদালতসহ বিভিন্ন স্থানে এগুলো স্থাপনের উদ্যোগ নেওয়া হবে।